ঢাকা-আরিচা মহাসড়কে সবুজায়ন কর্মসূচির উদ্বোধন প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

ঢাকা-আরিচা মহাসড়কের আমিনবাজার এলাকায় গাছের চারা রোপণের মাধ্যমে সবুজায়ন কর্মসূচির উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (১৮ অক্টোবর) দুপুরে মহাসড়কের পাশে নিজ হাতে চারা রোপণ করে এ কর্মসূচির সূচনা করেন তিনি।

মহাসড়কের দুই পাশে সবুজায়ন ও সৌন্দর্যবর্ধনের পাশাপাশি পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় এ উদ্যোগ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

এ সময় রোপণ করা গাছের যথাযথ পরিচর্যা ও মহাসড়কের পাশে সবুজ পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্টদের নির্দেশনা দেন প্রধানমন্ত্রী।

LENS ASIA